

জীবন বিজ্ঞান MCQ Set – 01 | Life Science Question Answer PDF in Bengali Set-01

১. নিম্নের কোনটি উদ্ভিদ কোষ গঠনে একটি অপরিহার্য শর্করা?

- (a) সুক্রোজ
- (b) স্টার্চ
- (c) সেলুলোজ
- (d) কাইটিন

জেনে রাখো: সেলুলোজের গঠনগত একক হল গ্লুকোজ।

২. প্রাণীদেহের সবচেয়ে দীর্ঘতম কোষ কোনটি?

- (a) স্নায়ুকোষ
- (b) পেশীকোষ
- (c) লসিকাকোষ
- (d) হেপাটোসাইট (লিভার কোষ)

জেনে রাখো: প্রাণীদেহের দীর্ঘতম কোষটি হল স্নায়ুকোষ। এর দৈর্ঘ্য প্রায় 1 মিটার। মানবদেহের বৃহত্তম কোষ হল ডিম্বাণু এবং ক্ষুদ্রতম কোষ হল লঘু মস্তিষ্কের গ্র্যামিউলকোষ।

৩. নিম্নের কোনটি একটি পরিবর্তিত মৃদগত কাণ্ডের উদাহরণ?

- (a) আলু
- (b) গাজর
- (c) চিনাবাদাম
- (d) শালগম

জেনে রাখো: আলু হল পরিবর্তিত মৃদগত কাণ্ড। গাজর ও শালগম হল পরিবর্তিত মৃদগত মূল। চিনাবাদাম হল একটি মৃদগত ফল।

৪. পিচারপ্ল্যান্ট কী?

- (a) অ্যাকটিনোমরফিক
- (b) হেটারোট্রপিক
- (c) ভাইরাস সংক্রামিত কোশ
- (d) পতঙ্গভুক উদ্ভিদ

জেনে রাখো: পিচারপ্ল্যান্ট হল পতঙ্গভুক বা কলসপত্রী

উদ্ভিদ। এরা দেহে নাইট্রোজেনঘটিত প্রোটিন খাদ্যের জন্য পতঙ্গদের ভক্ষণ করে পতঙ্গদের দেহ থেকে পুষ্টি রস শোষণ করে পুষ্টি সম্পন্ন করে।

৫. কুইনাইন উদ্ভিদের কোন অংশ থেকে পাওয়া যায়?

- (a) পাতা
- (b) কান্ডের ছাল
- (c) শিকড়
- (d) ফুলের কুঁড়ি

জেনে রাখো: সিন্ধোনা গাছের ছাল থেকে কুইনাইন পাওয়া যায়। বর্তমানে কুইনাইন পরীক্ষাগারেও প্রস্তুত করা সম্ভব হচ্ছে। ম্যালেরিয়া রোগের প্রথম কার্যকরী ঔষধ ছিল কুইনাইন।

৬. নিম্নের কোন শস্যটি মাটিতে নাইট্রোজেনের পরিমাণ বৃদ্ধি করে?

- (a) মটরশুঁটি
- (b) সূর্যমুখী
- (c) জোয়ার
- (d) গম

জেনে রাখো: মটর গাছের মূলে বসবাসকারী উপকারী

ব্যাকটেরিয়া রাইজোবিয়াম মাটিতে নাইট্রোজেনের পরিমাণ বৃদ্ধি করে। মটর গাছের বিজ্ঞানসম্মত নাম পাইসাম স্যাটিভাম।

৭. পরিবেশ সংক্রান্ত বিদ্যাকে কী বলে?

- (a) পোমোলজি
- (b) এন্টোমোলজি
- (c) ইকোলজি
- (d) অফ্লোলজি

জেনে রাখো: পরিবেশ সংক্রান্ত বিদ্যাকে বলা হয় ইকোলজি। ফল সংক্রান্ত বিদ্যাকে বলা হয় পোমোলজি। পতঙ্গ সংক্রান্ত বিদ্যাকে বলা হয় এন্টোমোলজি। ক্যান্সার সংক্রান্ত বিদ্যাকে বলা হয় অফ্লোলজি।

৮. নিম্নের কোন প্রাণীটির বিজ্ঞানসম্মত নাম হল ইকুয়াস ক্যাবেলাস?

- (a) গরু
- (b) ঘোড়া
- (c) বিড়াল
- (d) বাঘ

জেনে রাখো: ঘোড়ার বিজ্ঞানসম্মত নাম হল ইকুয়াস ক্যাবেলাস। গরুর বিজ্ঞানসম্মত নাম হল বস ইন্ডিকাস। বিড়ালের বিজ্ঞানসম্মত নাম হল ফেলিস ক্যাটাস। বাঘের বিজ্ঞানসম্মত নাম হল প্যানথেরা টাইগ্রিস।

৯. নিম্নের কোন স্তন্যপায়ী প্রাণীটি ডিম পাড়ে?

- (a) লেমুর
- (b) একিডনা
- (c) টেরোপাস
- (d) টালপা

১০. অরনিথোলজি আলোচনা কাদের সম্পর্কে করা হয়?

- (a) মৎস্য
- (b) স্তন্যপায়ী
- (c) বাদুড়
- (d) পক্ষী

১১. বেমতন্ত্র কোথায় গঠিত হয়?

- (a) টিবিউলিন
- (b) ফ্ল্যাজেলিন
- (c) লিগনিন
- (d) কাইটিন

১২. নিম্নের কোনটির মুখ্য উপাদান হল অ্যামাইনো অ্যাসিড?

- (a) লিপিড
- (b) প্রোটিন
- (c) হরমোন
- (d) ভিটামিন

জেনে রাখো: প্রোটিনের গঠনগত ও কার্যগত একক হল অ্যামাইনো অ্যাসিড।

১৩. নিম্নলিখিত কোনটি পরিণত মানবদেহের বৃহত্তম গ্রন্থি?

- (a) থাইরয়েড
- (b) থাইমাস
- (c) প্যানক্রিয়াস
- (d) লিভার

১৪. যে শাখায় কলার আণুবীক্ষণিক গঠন আলোচনা করা হয় তাকে কি বলে?

- (a) হিস্টোলজি
- (b) অরোলজি
- (c) সেরোমোলজি
- (d) অস্টিওলজি

১৫. নিয়াসিনের অভাব ঘটিত রোগটির নাম হল-

- (a) স্কার্ভি
- (b) পেলেগ্রা
- (c) রিকেট
- (d) পারনিশিয়াস অ্যানিমিয়া

জেনে রাখো: নিয়াসিন হল ভিটামিন B3; যার অভাবে ত্বক খসখসে এবং আঁশের মতো স্থিতি ঘটে; যাকে পেলেগ্রা বলে।

১৬. নিম্নের কোনটি একটি মূল বিহীন উদ্ভিদের উদাহরণ?

- (a) সেরাটোফাইলাম✓
- (b) পিস্টিয়া
- (c) ইকরনিয়া
- (d) মনোচোরিয়া

জেনে রাখো: পিস্টিয়া, ইকরনিয়া ও মনোচোরিয়া এদের ক্ষেত্রে স্বল্প হলেও মূল দেখা যায়।

১৭. নিম্নলিখিত কোনটি আদ্যপ্রাণী?

- (a) ইস্ট
- (b) এন্টামিবা হিস্টোলাইটিকা
- (c) পি মোজেইক

(d) ভ্যারিওলা

জেনে রাখো: এন্টামিবা হিস্টোলাইটিকা হল এককোষী প্রাণী বা আদ্যপ্রাণী। ইস্ট হল এককোষী ছত্রাক, পি মোজাইক ও ভ্যারিওলা হল একপ্রকার ভাইরাস।

১৮. একটি নাসারন্ধ্রযুক্ত প্রাণী হল

(a) কচ্ছপ

(b) পাইথন

(c) তিমি

(d) হাঙর

১৯. পুং এবং স্ত্রী উভয় ধরনের ফুলের জন্ম দেয় যে বৃক্ষ তাকে কী বলে?

(a) মনোসিয়াস

(b) মনোসমাস

(c) ডিওসিয়াস

(d) কোনোটিই নয়

২০. নিম্নের কোন উৎসেচকটি লালারসে উপস্থিত?

(a) পেপসিন

(b) ট্রিপসিন

(c) কাইমোট্রিপসিন

(d) টায়ালিন

জেনে রাখো: কার্বহাইড্রেট পরিপাককারী উৎসেচক টায়ালিন পাওয়া যায় লালারসে। পেপসিন উৎসেচক পাওয়া যায় গ্যাস্ট্রিক রসে। ট্রিপসিন ও কাইমোট্রিপসিন উৎসেচক পাওয়া যায় অগ্ন্যাশয় রসে।

২১. ভিটামিন-C এর বিজ্ঞানসম্মত নাম হল-

(a) অ্যাসিটিক অ্যাসিড

(b) অ্যাসকরবিক অ্যাসিড

(c) ল্যাকটিক অ্যাসিড

(d) মিউরিয়োটিক অ্যাসিড

২২. নিম্নের কোনটি ভিটামিন-D এর অভাব ঘটিত রোগ?

(a) রাতকানা

(b) রিকেটস

(c) স্কার্ভি

(d) চুলপড়া

২৩. নিম্নের কোন প্রাণীগোষ্ঠী সমুদ্রজলে অনুপস্থিত?

(a) স্তন্যপায়ী

(b) সরীসৃপ

(c) উভচর

(d) পক্ষী

জেনে রাখো: উভচর প্রাণীরা সমুদ্রে অনুপস্থিত থাকে; কারণ এদের ড্রান লবণাক্ত জলে বেঁচে থাকতে পারে না।

২৪. লবঙ্গ কোন অংশ থেকে পাওয়া যায়?

(a) পাতা

(b) কাণ্ড

(c) ফুলের কুঁড়ি

(d) মূল

২৫. কোষ বিভাজনের কোন দশায় DNA সংশ্লেষ ঘটে?

- (a) প্রোফেজ
- (b) অ্যানাফেজ
- (c) টেলোফেজ
- (d) ইন্টারফেজ

জেনে রাখো: কোষ বিভাজনের বিশ্রাম দশা বা ইন্টারফেজ দশার 'S' দশায় DNA সংশ্লেষ ঘটে।

জীবন বিজ্ঞান MCQ প্রশ্ন উত্তর pdf

জীবন বিজ্ঞান MCQ Set-01.pdf

WWW.SIKSAKUL.COM